

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

তারিখ: ২১/০৭/২০১৬ খ্রি:

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে একাডেমিক কার্যক্রম গতিশীল, শিক্ষার মানোন্নয়ন, শিক্ষার পরিবেশ সুষ্ঠু ও সুন্দর এবং শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধ রাখার লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়গুলো অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

- জাতীয় পতাকার মর্যাদা সমুন্নত রাখা।
- প্রাত্যহিক সমাবেশের ব্যবস্থা করা।
- শিক্ষার্থীদের দেশপ্রেম ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করা।
- মাদক বিরোধী কার্যক্রম বাস্তবায়নে প্রতিষ্ঠানে কমিটি গঠন করা।
- কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকলে বিষয়টি অভিভাবককে অবহিত করা।
- শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে শিক্ষার্থীকেন্দ্রিক শিখন-শিখনো প্রক্রিয়া চালু করা।
- শিক্ষার্থীদের মধ্যে ধর্মীয়, নৈতিক, মানবিক ও সামাজিক মূল্যবোধ সৃষ্টি করা।
- আইসিটিভিত্তিক শিক্ষা বাস্তবায়নে মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনা ও তত্ত্বাবধান করা।
- শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা।
- টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও তার যথোপযুক্ত ব্যবহার নিশ্চিত করা।
- বিদ্যালয়ে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা রাখা।
- শিক্ষার মানোন্নয়নে শিক্ষক ও অভিভাবক সমাবেশ করা।
- সহপাঠক্রমিক কার্যাবলী যেমন- খেলাধুলা, শরীরচর্চা, স্কাউটিং ও বির্তক অনুষ্ঠানসহ দেশীয় সংস্কৃতির চর্চা করা।
- শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতির হার বৃদ্ধি করা।
- বিভিন্ন পরীক্ষার উত্তর পত্র মূল্যায়নের পর শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের তা দেখানোর ব্যবস্থা করা।
- দুর্বল শিক্ষার্থীদের চিহ্নিত করে তাদের গুণভিত্তিক অতিরিক্ত ক্লাস নেয়ার ব্যবস্থা করা।
- প্রতিমাসে শিক্ষক/শিক্ষিকাদের নিয়ে একাডেমিক সভার ব্যবস্থা করা।
- প্রতিষ্ঠানে শিক্ষকদের ইন-হাউজ ট্রেনিং এর ব্যবস্থা করা।
- শিক্ষকদের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ যথাযথভাবে অনুসরণ করা।

সরকারি মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে উপরিউক্ত বিষয়গুলো অনুসরণের কার্যক্রম তত্ত্বাবধান ও পরিবীক্ষণ করার জন্য প্রতিষ্ঠান প্রধান ও আঞ্চলিক উপপরিচালকগণকে অনুরোধ করা হলো।

স্বাক্ষর/-

(প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান)


মহাপরিচালক

তারিখ: ২১/০৭/২০১৬ খ্রি:

স্মারক নম্বর-৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০২.১৫-১০৫১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক)
- ০২। পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
- ০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল,
- ০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/শিক্ষিকা,
- ০৫। জেলা শিক্ষা অফিসার,
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৮। সংরক্ষণ নথি।


(সাখায়েত হোসেন বিশ্বাস)

সহকারী পরিচালক (মাধ্যমিক-১)

ফোন- ৯৫৬১২৫৪।

e-mail: addshesecndary@gmail.com